

# কালের কণ্ঠ

ঢাকা। শনিবার। ৩০ ডিসেম্বর ২০২৩। ১৫ পৌষ ১৪৩০। ১৬ জমাদিউল সানি ১৪৪৫



মুক্তিযুদ্ধে বিশেষ অবদানের জন্য জাপানের তাকুশোকু বিশ্ববিদ্যালয়ের ইন্টারন্যাশনাল জাপানিজ স্টাডিজ ইনস্টিটিউটের অধ্যাপক পেমা গিয়ালপোকে বিশেষ সম্মাননা দেওয়া হয়। ছবি : কালের কণ্ঠ

## নিম্ন আয়ের প্রবাসীর রেমিট্যান্সে ১০% প্রণোদনা দেওয়া যেতে পারে

নিজস্ব প্রতিবেদক ▷

পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান বলেছেন, নিম্ন আয়ের প্রবাসীরা রেমিট্যান্স পাঠালে তাঁদের ১০ শতাংশ প্রণোদনা দেওয়া যেতে পারে। যাঁরা বেশি রেমিট্যান্স পাঠাবেন, তাঁদের বেশি সুবিধা দেওয়া উচিত। তাঁদের সন্তানদের স্কুল-কলেজে ভর্তির ক্ষেত্রেও অগ্রাধিকার দেওয়া উচিত।

গতকাল শুক্রবার জাতীয় প্রবাসী দিবস উপলক্ষে রাজধানীর পরীবাগে হোটেল ইন্টারকন্টিনেন্টালের ক্রিস্টাল বলরুমে স্কলার্স বাংলাদেশ সোসাইটি ও সেন্টার ফর এনআরবি ফাউন্ডেশনের আয়োজিত এক আলোচনাসভায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন পরিকল্পনামন্ত্রী।

এ সময় এম এ মান্নান আরো বলেন, 'যাঁরা বিদেশে কাজ করেন, তাঁরা আমাদের দেশের মেরুদণ্ডের মতো। প্রবাসীরা একই সঙ্গে দুটি কাজ করেন। তাঁদের কষ্টের টাকায় দেশ উপকৃত হয়। পাশাপাশি তাঁদের নিজের পরিবারও উপকৃত হয়। তাই আমাদের উচিত, প্রবাসীদের সমস্যা সমাধানের আরো বেশি মনোযোগী হওয়া।' আলোচনাসভায় বিশেষ অতিথি ছিলেন পররাষ্ট্রসচিব মাসুদ বিন মোমেন। এতে সভাপতি

### পরিকল্পনামন্ত্রী

ছিলেন স্কলার্স বাংলাদেশ সোসাইটি এবং সেন্টার ফর এনআরবি ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা ও সভাপতি এম ই চৌধুরী শামীম।

প্রবাসী দিবস উদযাপনে আলোচনাসভা ছাড়া ছিল প্রবাসী দিবসের থিম সং ও লোগো উন্মোচন। এই দিনে দেশের মুক্তিযুদ্ধে বিশেষ অবদানের জন্য জাপানের তাকুশোকু বিশ্ববিদ্যালয়ের ইন্টারন্যাশনাল জাপানিজ স্টাডিজ ইনস্টিটিউটের অধ্যাপক পেমা গিয়ালপোকে বিশেষ সম্মাননা দেওয়া হয়। এ ছাড়া প্রবাসে কাজ করতে গিয়ে দুর্ঘটনায় মৃত্যুবরণ করেছেন, এমন ছয়জন প্রবাসীর সন্তানদের হাতে শিক্ষা সহায়তা হিসেবে নগদ অর্থ তুলে দেওয়া হয়।

অনুষ্ঠান পরিচালনা ও সঞ্চালনা করেন স্কলার্স বাংলাদেশ সোসাইটির সহপ্রতিষ্ঠাতা ও প্রধান নির্বাহী দিলারা আফরোজ খান রুপা। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয় ইমিরেটাস অধ্যাপক আতিউর রহমান ও নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর অধ্যাপক আতিকুল ইসলামসহ প্রমুখ।